



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/20/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো 2020 স্টেট অফ দ্যা স্টেট-এর 9ম প্রস্তাব প্রকাশ করলেন: অবৈধ সিগারেট বিক্রি করা খুচরো বিক্রেতাদের উপর কঠোর ব্যবস্থা গ্রহণ

অন্য স্টেট থেকে সিগারেট সংগ্রহ করে এবং নিউ ইয়র্কে অবৈধভাবে বিক্রি করে এমন খুচরো বিক্রেতারা ব্যবসা বন্ধ হওয়ার সম্ভাবনার পাশাপাশি অতিরিক্ত পরিণতির সম্মুখীন হবে

প্রস্তাবে 21 বছরের কম বয়সীদের কাছে তামাকজাত পণ্য বিক্রি করা খুচরো বিক্রেতাদের শাস্তি ও জরিমানা জোরদার হবে

প্রস্তাবটি ধূমপানের বিপদ থেকে নিউ ইয়র্কবাসীকে রক্ষায় গভর্নরের আগ্রাসী কর্মকাণ্ডকে আরও শক্তিশালী করে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ তার 2020 সালের স্টেট অফ দ্যা স্টেট এজেন্ডার 9ম প্রস্তাব ঘোষণা করেছেন - নিউ ইয়র্ক স্টেটে অবৈধভাবে কর অপরিশোধিত সিগারেট এবং অন্যান্য তামাকজাত পণ্য বিক্রয়কারী খুচরো বিক্রেতাদের উপরে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। গভর্নরের প্রস্তাব অনুযায়ী, যেসব খুচরো বিক্রেতারা অন্য স্টেট বা অন্যান্য উৎস থেকে কর অপরিশোধিত সিগারেট সংগ্রহ করে এবং নিউ ইয়র্কে অবৈধভাবে বিক্রি করে তাদের ব্যবস্যা বন্ধ হয়ে যেতে পারে। গভর্নর 21 বছরের কম বয়সীদের কাছে তামাকজাত পণ্য বিক্রি করা খুচরো বিক্রেতাদের জন্য শাস্তি ও জরিমানা জোরদার করার প্রস্তাব দিচ্ছেন।

"কর অপরিশোধিত সিগারেট পাচার এবং অপ্ৰাপ্তবয়স্কদের নিকট তামাক বিক্রি করা শুরু অনৈতিকই নয় - এটিও অবৈধও বটে," **গভর্নর কুওমো বলেন।** "সিগারেট প্রতিবছর হাজার হাজার মানুষের জীবন নাশ করে এবং নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্যের বিনিময়ে কেবলমাত্র কিছু অতিরিক্ত অর্থ আয়ের জন্য ইচ্ছাকৃতভাবে আইনটিকে অবজ্ঞা করে করে এমন খুচরো বিক্রেতাদের দিকে আমরা চোখ বন্ধ করে বসে থাকবো না। এই প্রস্তাবের মাধ্যমে গুরু পাপে লঘু দন্ডের বদলে নীতিজ্ঞানবর্জিত ব্যবসাগুলো জোরালো জরিমানা বা ব্যবসা বন্ধের সম্মুখীন হবে।"

নিউ ইয়র্ক সিটিতে সিগারেটের উপর প্রয়োগ করা করের আগ্রাসী হার - যা বর্তমানে দেশের মধ্যে দ্বিতীয় সর্বোচ্চ- তার একটি উপজাত হচ্ছে আইন ভেঙে ওই কর ফাঁকি দেয়ান বেআইনি খুচরো বিক্রেতাদের অব্যাহত উৎসাহ। কিছু অসাধু খুচরো বিক্রেতারা সম্ভ্য কর অপরিশোধিত সিগারেটের

পাচার অব্যাহত রেখেছে, এটি এমন একটি অনুশীলন যা ধূমপানকে হ্রাস করার উদ্যোগকেই কেবল ক্ষুণ্ণ করে না, স্টেটকে আইন প্রয়োগ ও জনস্বাস্থ্যগত উদ্যোগে ব্যবহারের জন্য প্রয়োজনীয় রাজস্ব থেকে বঞ্চিত করে। এগুলো ক্রয় করা থেকে জনগণকে নিরুৎসাহিত করার লক্ষ্যকে সামনে রেখে স্থানীয় এবং স্টেটকে এই সকল পণ্যের মূল্য নিয়ন্ত্রণকে কঠিন করার পাশপাশি এটি আইন-মেনে চলা খুচরা বিক্রেতাদেরকে উল্লেখযোগ্য প্রতিযোগিতামূলক অসুবিধায় ফেলে দেয়।

গভর্নরের প্রস্তাব অনুযায়ী, এই কর অপরিশোধিত পণ্যগুলোর দখলে থাকা ব্যক্তিগত খুচরা বিক্রেতারা তাদের ব্যবসা বন্ধ করতে বাধ্য হবার সম্ভাবনার পাশাপাশি শাস্তির মুখোমুখি হবেন। আইনের লঙ্ঘন লটারি বা খুচরা অ্যালকোহল, ওয়াইন বা বিয়ার বিক্রয়ের মতো করোলারি লাইসেন্সও বাতিল করবে।

বর্তমানে, অবৈধভাবে কর অপরিশোধিত সিগারেট বিক্রি করে এমন খুচরা বিক্রেতাদের জরিমানা করার জন্য স্টেটের কর ও অর্থ দপ্তরকে (Department of Taxation and Finance, DTF) ক্ষমতা দেওয়া রয়েছে। তবে, এই অসাধু খুচরা বিক্রেতাদের মধ্যে অনেকেই এই জরিমানাগুলোকে ব্যবসায়ের ব্যয় হিসাবে বিবেচনা করে এবং তাদের আচরণ পরিবর্তন করে না। গভর্নরের প্রস্তাব অনুযায়ী, কর ও অর্থ দপ্তরকে গ্রাহকদের কাছ থেকে খুচরা বিক্রয় এবং অন্যান্য কর আদায় করার কর্তৃত্ব - যেটি নিউ ইয়র্কের যে কোনও খুচরা ব্যবসা পরিচালনার অত্যাৱশ্যকীয় শর্ত - সেটি প্রত্যাহার করে অপরাধী খুচরা বিক্রেতাদের ব্যবসা পুরোপুরি বন্ধ করে দেওয়ার ক্ষমতা প্রদান করা হবে।

2019 সালের নভেম্বরে, তামাক এবং ই-সিগারেটের পণ্য কেনার আইনি বয়স 21 বছরে উন্নীত করা হয়েছে, অল্পবয়স্ক লোকদের তামাকে সংশ্লিষ্ট হতে যা আরও নিরুৎসাহিত করে। বর্তমানে, 21 বছরের কম বয়সীদের কাছে তামাকজাত পণ্য বিক্রির সর্বনিম্ন জরিমানা 300 মার্কিন ডলার। গভর্নরের প্রস্তাব অনুযায়ী, এই ন্যূনতম জরিমানা বাড়িয়ে 1,000 মার্কিন ডলারে উন্নীত করা হবে এবং বার বার করা অপরাধের খুচরা বিক্রেতারা ছয় মাসের পরিবর্তে এক বছরের জন্য তাদের নিবন্ধন হারাতে পারে। গভর্নরের নির্দেশে, স্টেটের কর ও অর্থ দপ্তরকে ইতিমধ্যে তামাকজাত পণ্য বিক্রির জন্য অনুমোদিত খুচরা বিক্রেতাদের নিয়ন্ত্রক পরিদর্শনগুলোর সংখ্যা তিনগুণ বাড়িয়েছে।

গভর্নর কুওমো স্বত্বিকারক তামাক এবং নিকোটিন পণ্য ব্যবহারের বিরুদ্ধে লড়াইয়ের মাধ্যমে সকল নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য ও সুরক্ষা নিশ্চিত করার উদ্দেশ্যে অভূতপূর্ব পদক্ষেপ নিয়েছেন। 2017 সালে, তামাকের স্বত্বিকর পরোক্ষ ধোঁয়া ও বাষ্পীয় অ্যারোসল থেকে কর্মী ও জনগণকে সুরক্ষিত রাখার জন্য প্রায় সব কর্মক্ষেত্রে ই-সিগারেট ব্যবহার নিষিদ্ধ করতে গভর্নর কুওমো ক্লিন ইনডোর এয়ার অ্যাক্ট (Clean Indoor Air Act) এর প্রসারণ করেছেন। 2019 সালে ই-তরলের খুচরা বিক্রেতাদের কর ও অর্থ দপ্তরের (DTF) সঙ্গে নিবন্ধন করতে হবে এবং 1 জানুয়ারিতে ই-তরলের ওপর 20% বিক্রয় কর কার্যকর হবে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসারস্বাইব করুন](#)